

তারিখ .. 1.1 FEB 1930

পৃষ্ঠা... ১... কাল... ..

০৬

০০

বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের নীতি প্রণয়নের সিদ্ধান্ত

বাসস জানায়, প্রেসিডেন্ট
এরশাদ বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস
চ্যান্সেলরদের বৈঠকে সমাজ ও
জাতির পরিবর্তিত চাহিদার উপ-
যোগী করিয়া সার্বিক শিক্ষা ব্যবস্থা
পুনর্গঠনের উপর গুরুত্ব আরোপ

করিয়াছেন। বৈঠকে দেশে বেসর-
কারী বিশ্ববিদ্যালয় স্থাপনের নীতি
প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
প্রেসিডেন্ট সচিবালয়ে গতকাল
(শনিবার) অনুষ্ঠিত ভাইস চ্যান্সে-
(১১শ পৃ: ড:)

বেসরকারী বিশ্ববিদ্যালয় (প্রথম পৃ: পর)

লরদের এই বৈঠকে প্রেসিডেন্ট
এরশাদ বলেন, জনশক্তিকে এমন-
ভাবে উন্নয়ন করিতে হইবে যাহাতে
তাহারা চাকুরীসম্বন্ধী না হইয়া
স্বনিয়োজিত হইতে পারে। এই
বৈঠকে ভাইস চ্যান্সেলরগণ
ছাড়াও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইস-
লাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী
সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমি-
শনের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক
সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের
মুখ্য সচিব এ, এইচ, সাদিক ও শিক্ষা
সচিব এ, এন, এম, ইউসুফ উপ-
স্থিত ছিলেন। বৈঠকে কারিগরি
ও বিজ্ঞান বিষয়ক পুস্তকসহ উচ্চ
শিক্ষার পাঠ্যপুস্তক বাংলায় প্রণ-
য়নের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশনের অধীনে একটি বিশেষ
সমষ্টির সোল গঠনের সিদ্ধান্ত গৃহীত
হয়। বৈঠকে আগামী শিক্ষাবর্ষ
হইতে বর্ধিত হারে মেধা বৃত্তি
প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে বিস্তা-
রিত প্রণয়ন করিবে।

বৈঠকের শুরুতে শিক্ষামন্ত্রী শেখ
শহীদুল ইসলাম ব্যাভ্যতামূলক প্রাথ-
মিক শিক্ষা বিল পাশে নেতৃত্বদানের
জন্য প্রেসিডেন্ট এরশাদের ভূমিকার
প্রশংসা করেন। বেসরকারী শিক্ষক
ও অ-শিক্ষক কর্মচারীদের জন্য
কল্যাণ ট্রাষ্ট গঠন করায় তিনি
প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।